

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 27/12/2025

Time: 1-40 P.M

DEO: KB

Desk in Charge :- KL

Compiling :- Abhirup.B

NRT : Anindita.B

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

- ১/ কঠোর নজরদারি ও নিরাপত্তায় রাজ্যের সব বিধানসভা কেন্দ্রে এসআইআর প্রক্রিয়ার শুনানি পর্ব চলেছে।
- ২/ নিয়োগপত্র পেয়ে প্রশিক্ষণের হাজির না হওয়ায় 778 জন অবজারভারকে শোকজ করেছে নির্বাচন কমিশন।
- ৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল 'মন কি বাত' অনুষ্ঠানে নিজের চিন্তা ভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৪/ ভূমি দণ্ডের কাজকে স্বচ্ছ প্রযুক্তি নির্ভর করতে নতুন পোর্টাল বানাচ্ছে রাজ্য সরকার।
- ৫/ আলিপুরদুয়ারে আজ এক পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে।
- ৬/ উত্তর ও দক্ষিণবঙ্গ জুড়ে শীতের দাপট অব্যাহত।

কঠোর নজরদারি ও নিরাপত্তায় রাজ্য জুড়ে মোট ৩ হাজার ২৩৪ টি কেন্দ্রে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্ব চলেছে। ২৯৪টি বিধানসভা কেন্দ্রে ১১টি করে টেবিলে একযোগে শুনানি শুরু হয়েছে। প্রতিটি টেবিলে দৈনিক গড়ে ১০০ থেকে ১৫০ জন ভোটারের শুনানি হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। প্রথম পর্বে প্রায় ৩২ লক্ষ আনন্দ্যাপদ ভোটারকে ডাকা হয়েছে। যারা ২০০২-এর ভোটার তালিকার সঙ্গে কোনোরকম সম্পর্ক দেখাতে পারেননি, তাদের আধার কার্ড সহ মোট ১২টি স্বীকৃত নথি পেশ করার সুযোগ রয়েছে। তবে শুধুমাত্র আধার কার্ডকে নথি হিসেবে বিবেচনা করা হবে না। প্রতিটি বিধানসভা কেন্দ্রে একজন ইআরও ও ১০ জন এআরও মিলিয়ে শুনানি চলছে। কমিশনের ঘোষণা অনুযায়ী, এই শুনানি পর্ব শেষ হলে ১৪ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে। কলকাতা ও জেলাজুড়ে সকাল থেকেই শুনানি কেন্দ্রগুলিতে তৎপরতা চোখে পড়েছে। খসড়া তালিকায় নাম না থাকা বহু মানুষকে প্রয়োজনীয় নথি হাতে নিয়ে লাইনে দাঁড়াতে দেখা যায়। একাধিক শুনানি কেন্দ্রে সকাল থেকেই ভিড় জমে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার শুনানি পর্বে মাইক্রো অবজ্ঞার্তার হিসেবে নিয়োগপত্র পেয়েও প্রশিক্ষণে হাজির না হওয়া ৭৭৮ জন কেন্দ্রীয় সরকারি কর্মচারী ও রাষ্ট্রীয়ত্ব সংস্থার আধিকারিকদের শো-কজ করা হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, কমিশনের নির্ধারিত সময় অনুযায়ী শুক্রবারের মধ্যে কাজে যোগ দেওয়ার কথা ছিল ওই আধিকারিকদের। কিন্তু তা না করায় তাঁদের কাছে কারণ জানতে চাওয়া হয়েছে। সিইও স্পষ্ট করে জানিয়েছেন, নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনক জবাব না দিলে সংশ্লিষ্ট আধিকারিকদের সাসপেন্ড করার মতো কড়া পদক্ষেপ নেওয়া হতে পারে।

এস আই আরের শুনানি পর্বে ২০১০ সালের পরে রাজ্য সরকারের ইস্যু করা ওবিসি শংসাপত্র গ্রাহ্য হবে কি না তা নিয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এই বিষয়ে নির্বাচন কমিশন ৩১ ডিসেম্বরের মধ্যে সিদ্ধান্ত নেবে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্ট আগেই ২০১০-এর পরের ওবিসি শংসাপত্র গ্রাহ্য করেনি। তবে রাজ্য সরকার সম্প্রতি যে নতুন ওবিসি তালিকা প্রকাশ করেছে, তার উপর আদালত কোনও স্থগিতাদেশ দেয়নি। ফলে এই পরিস্থিতিতে কীভাবে শংসাপত্রগুলি বিবেচিত হবে, সেই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব পুরোপুরি নির্বাচন কমিশনের উপরই বর্তেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

ভারত সম্পর্কে বিদেশমূলক মন্তব্য এবং সে দেশে সংখ্যালঘুদের উপর অত্যাচারের প্রতিবাদে রাজ্যের বিভিন্ন হোটেল মালিক সংগঠন বাংলাদেশী অতিথিদের ঘর ভাড়া না

দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। হোটেলে হোটেলে ওই মর্ম বিজ্ঞপ্তি সেঁটে দিচ্ছেন তাঁরা। হোটেলমালিকদের কারও কারও দাবি, যেখানে বাংলাদেশিদের ভিসা দেওয়া বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, সেখানে সে দেশের কাউকে হোটেলে থাকতে দিলে সমস্যায় পড়তে পারেন তাঁরা। বড় অংশের হোটেল মালিকেরা বলছেন, প্রতিবাদ জানাতেই এই অবস্থান নেওয়া হল। কলকাতা ছাড়াও শিলিগুড়ি, কোচবিহার ও মালদার বিভিন্ন হোটেলমালিক সংগঠন বাংলাদেশী অতিথিদের বয়কটের সিদ্ধান্ত ঘোষণা করেছে।

২০২৫ এর শেষ লগ্নে এসে পৌঁছেছি আমরা। এ বছরে দেশের আর্থিক উন্নয়নের লক্ষ্য কেন্দ্রীয় সরকার কর কাঠামোয় বড়োরকম পরিবর্তন এনেছে। দেশের অগ্রগতিতে জি এস টি হারে পরিবর্তন সহ নতুন কর কাঠামো এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- কাশফিন)

রাজ্য ভূমি দফতরের কাজকে আরও স্বচ্ছ ও প্রযুক্তিনির্ভর করতে নতুন একটি ওয়েব ও মোবাইল অ্যাপ্লিকেশন তৈরির উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। জমি সংক্রান্ত নথি, মানচিত্র, চারিত্রিগত সমস্ত তথ্যকে এক ছাতার তলায় আনতেই এই পদক্ষেপ। নবান্ন সূত্রে জানা গিয়েছে, এই প্রকল্পের দায়িত্বে রয়েছে ডিরেক্টরেট অব ল্যান্ড রেকর্ডস অ্যান্ড সার্টে (ডিএলআর অ্যান্ড এস)। প্রস্তাবিত এই ডিজিটাল প্ল্যাটফর্মের নাম রাখা হচ্ছে ইউনিফায়েড ল্যান্ড জিআইএস। রাজ্যের ভূমি সংক্রান্ত তথ্যের জন্য এটিকেই একমাত্র নির্ভরযোগ্য ও প্রামাণ্য ডিজিটাল উৎস হিসেবে গড়ে তোলা হবে। বর্তমানে বিভিন্ন দফতরে আলাদা আলাদা ভাবে কাজ করছে জমির রেকর্ড ও ক্যাডাস্ট্রাল ম্যাপ সংক্রান্ত একাধিক সিস্টেম। তার ফলে তথ্যের পুনরাবৃত্তি, দেরি এবং অসঙ্গতির সমস্যা প্রায়শই

দেখা যায়। নতুন এই প্ল্যাটফর্মে সব ব্যবস্থা একত্রিত হলে সেই সমস্যা অনেকটাই কমবে বলে মনে করা হচ্ছে।

শিল্প ও সংস্কৃতিতে অসামান্য কৃতিত্বের জন্য নদিয়ার কিশোর তবলা শিল্পী শ্রী সুমন সরকারকে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কারে সম্মানিত হয়েছে। আকাশবাণীর শিল্পী সুমন মাত্র ১৬ বছর বয়সেই তবলা শিল্পে অসাধারণ কৃতিত্ব ও সামাজিক দায়বদ্ধতার অন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন। নিজের সাফল্যকে কেবল ব্যক্তিগত পর্যায়ে সীমাবদ্ধ না রেখে সুমন সমাজের কল্যাণে ব্যবহার করেছেন। পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ দিয়ে সে অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শিশুদের জন্য তবলা কিনে দেন এবং তাদের বিনামূলে প্রশিক্ষণ প্রদান করেন। আকাশবাণীর প্রতিনিধি কাশফিন নাহারকে তিনি বলেন, শাস্ত্রীয় সঙ্গীত দেশের সম্পদ। এই শিল্পকে এগিয়ে নিয়ে যেতে তিনি নতুন প্রজন্মের কাছে আবেদন জানান।

(বাইট- সুমন)

দেশের মধ্যে প্রথম শৌচমুক্ত তকমাপ্রাপ্ত নদিয়া জেলায় এবারে কৃষ্ণনগর শহরকে আরও স্বচ্ছ ও পরিচ্ছন্ন রাখবার উদ্যোগ নেওয়া হয়েছে। স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও বাণিজ্যিক সংস্থার (১৩টি সংস্থা) দানকৃত ৫৫টি ডাস্টবিন শহরের বিভিন্ন স্থানে বসানো হয়। পাশাপাশি পৌরসভার পক্ষ থেকে আরও ৫০টি ডাস্টবিন শহরের গুরুত্বপূর্ণ স্থানে বসানো হচ্ছে। এদিনের সূচনা অনুষ্ঠান মক্ষ থেকে যত্র তত্র আবর্জনা না ফেলে নির্দিষ্ট ডাস্টবিনে ময়লা ফেলার আহ্বান জানানো হয়। নাগরিকদের মধ্যে পরিচ্ছন্নতার সচেতনতার বাড়ানোই মূল লক্ষ্য। এদিন স্বচ্ছতার কাজে এগিয়ে আসার জন্য

অনেককেই বিশেষ সম্মাননা জানানো হয়। উপস্থিত ছিলেন, মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস, সভাধিপতি তারান্নুম সুলতানা মীর, পুলিশ সুপার কে অমরনাথ, সার দুতি চৌধুরী প্রমুখ।

আলিপুর দুয়ারে আজ সকালে পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, আজ সকাল সাতটা নাগাদ, আলিপুর দুয়ারে, কালচিনি থানা এলাকায় একত্রিশ এর সি জাতীয় সড়কে আসাম থেকে শিলিঙ্গড়ি গামী একটি ট্রেলর নিয়ন্ত্রণ হারিয়ে একটি ছোটো চারচাকার গাড়িকে ধাক্কা মারে ও ট্রেলরটি পাশের নয়ানজুলিতে পড়ে যায়। ছোটো গাড়িতে তিনজন ছিলো। সৌতিক বিশ্বাস, মনোজিত বিশ্বাস, রাজু মন্ডল নামের তিনি আহত কে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

বালদা পৌরসভার বোর্ড মিটিং ঘিরে প্রকাশ্যে চলে এল তৃণমূল কংগ্রেসের গোষ্ঠীদল। শোকজের জবাব দেওয়ার উদ্দেশ্যে পৌরপ্রধান সুরেশ আগরওয়ালের ডাকে অনুষ্ঠিত বোর্ড মিটিং চলাকালীন দলেরই চারজন কাউন্সিলার প্রতিবাদ জানান। তাদের অভিযোগ, বোর্ড মিটিংয়ের আলোচ্যসূচি নিয়ে কোনও আলোচনা না করেই রেজুলেশন বুকে আগাম সই করতে বলা হয়। হাজিরা খাতা ছাড়াই রেজুলেশন বুকে সই করা হলে পরে ইচ্ছেমতো রেজুলেশন লেখা হবে—এই আশঙ্কাতেই ২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মিঠুন কান্দু, প্রাক্তন পৌরপ্রধান তথা ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শীলা চ্যাটার্জি সহ আরও দুই তৃণমূল কংগ্রেস কাউন্সিলার মিটিং ছেড়ে বেরিয়ে যান।
পৌরপ্রধান সুরেশ আগরওয়াল অবশ্য সব অভিযোগ অস্বীকার করে জানান, নির্দিষ্ট সময়ে বৈঠক হয়েছে এবং সাতজন সদস্য নিয়ে বোর্ড মিটিং সম্পন্ন হয়েছে।

গতকালের পর আজও রাজ্যে শীতের দাপট অব্যাহত। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় ১ ডিগ্রি কম। দক্ষিণবঙ্গে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে শ্রী নিকেতনে ৯ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম। উত্তরবঙ্গের আলিপুর দুয়ারে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৮ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা ছিল ৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার ও মালদা জেলায় সকালে কুয়াশার ঘনত্ব বেশি ছিল।

‘সেফ ড্রাইভ সেভ লাইফ’ কর্মসূচির এক দশক পূর্তি উপলক্ষে অভিনব উদ্যোগ নিতে চলেছে রাজ্যের পরিবহণ দফতর। পথ নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বাড়াতে দু’দিনের ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হচ্ছে। আগামীকাল ও রবিবার এই প্রতিযোগিতায় অংশ নেবেন পরিবহণ দফতর, তার বিভিন্ন ডিরেষ্টরেট এবং সংযুক্ত শাখার আধিকারিক ও কর্মীরা। পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানান, আগে দফতরের মধ্যে ক্রিকেট প্রতিযোগিতা হলেও, এ বারের টুর্নামেন্টে স্পষ্ট ভাবে পথনিরাপত্তার বার্তা তুলে ধরা হবে। ‘সল্টলেকের বৈশাখী আবাসন মাঠে ট্রাঙ্গপোর্ট ডিপার্টমেন্ট প্রিমিয়ার ক্রিকেট লিগ’ নামে এই প্রতিযোগিতায় মোট আটটি দল অংশ নেবে। প্রতিটি দলে থাকবেন ১১ জন করে খেলোয়াড়। দলগুলি গঠিত হয়েছে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম, পরিবহণ ডিরেষ্টরেট এবং পরিবহণ দফতরের সচিবালয়ের আধিকারিকদের নিয়ে।

‘নক আউট’ পদ্ধতিতে আয়োজিত টুর্নামেন্টে কাল চারটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ হবে। মুখোমুখি হবে ট্রাঙ্গপোর্ট আইকন বনাম ড্রিউবিটিআইডিসিএল লায়ঙ্গ, শালিমার ডায়মন্ডস বনাম ডিরেষ্টরেট ডায়নামোজ, ড্রিউবিটিসি টাইগার্স বনাম পুলকার প্যাঞ্চার্স এবং ট্রাঙ্গপোর্ট ফ্রন্টিয়ার্স বনাম এসটিএ সামুরাই। ২৮ ডিসেম্বর হবে সেমিফাইনাল এবং পরে ফাইনাল ম্যাচ।

বিশিষ্ট হোমিওপ্যাথি চিকিৎসক পদ্মন্ত্রী সম্মান প্রাপ্ত ডঃ মুকেশ বাত্রা বলেছেন, কলকাতা ভারতে হোমিওপ্যাথির কেন্দ্রবিন্দু হিসেবে পরিচিত। আজ কলকাতায় একটি বেসরকারি চিকিৎসা কেন্দ্র আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে বিশ্বস্বাস্থ্য পরিস্থিতির কথা উল্লেখ করে তিনি বলেন, হোমিওপ্যাথি বর্তমানে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম এবং দ্রুত বর্ধনশীল চিকিৎসা পদ্ধতি। হোমিওপ্যাথির সঙ্গে আধুনিক প্রযুক্তির সমন্বয় আমাদের রোগীদের আরও দ্রুত ও উন্নত চিকিৎসা পেতে সাহায্য করবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দক্ষিণ কলকাতা জেলা বিজেপির সভাপতি, বিশিষ্ট ক্যালার বিশেষজ্ঞ ডঃ মধুচন্দ্র কর।
